

■■ মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়েয়েম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ পরিচ্ছেদ: জীবনের চারাগাছ রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পরিচ্ছেদ: জীবনের চারাগাছ

মানব জীবনে একটি বছর গাছের মতো, মাস হলো এর শাখা-প্রশাখা, দিন হলো ডালপালা, ঘণ্টা হলো এর পাতা এবং নিঃশ্বাস হলো এর ফল। সুতরাং যার প্রতিটি নিঃশ্বাস আল্লাহর অনুগত্যে অতিবাহিত করবে তার বৃক্ষে উত্তম ফল দিবে। আর যার নিঃশ্বাস গুনাহ ও অবাধ্যতায় কাটবে তার বৃক্ষ তেতো ফল দিবে। ফসল কাটা হবে কিয়ামতের দিনে। তখন স্পষ্ট হবে তার বৃক্ষের ফল মিষ্টি ছিল না তেতো।

ইখলাস ও তাওহীদ অন্তরের বৃক্ষ। কর্ম হচ্ছে এর শাখা-প্রশাখা, আর এর ফলাফল হলো দুনিয়াতে উত্তম জীবন যাপন এবং আখিরাতে চিরস্থায়ী নি'আমত লাভ। জান্নাতের ফল যেমন শেষ হবার নয় এবং নিষিদ্ধও নয় তেমনিভাবে তাওহীদ ও ইখলাসের ফলও দুনিয়া ও আখিরাতে শেষ হবার নয়।

শির্ক, মিথ্যাচার ও লৌকিকতা অন্তরের বৃক্ষ। দুনিয়াতে এর ফল হচ্ছে ভয়-ভীতি, দুশ্ভিষা, দুর্ভাবনা, হৃদয়ের সঙ্কীর্ণতা ও অন্তরের ঘাের অমানিশা। আর আখিরাতে এর ফলে ব্যক্তি প্রাপ্ত হবে যার্কুম বৃক্ষের ফল ও স্থায়ী আযাব। আল্লাহ তা'আলা সূরা ইবরাহীমে এ দুধরণের বৃক্ষের কথা উল্লেখ করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9759

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন